শূন্য ভেক্টর	Null Vector	একটি ভেক্টরের পাদবিন্দু ও শীর্ষবিন্দু যদি মিলে যায় তবে তাকে শূন্য ভেক্টর বলে। এ ভেক্টরের মান শূন্য ও অনির্দিষ্ট।
অবস্থান ভেক্টর	Position vector	প্রসঙ্গ কাঠামোর মূল বিন্দুর সাপেক্ষে কোন বিন্দুর অবস্থান যে ভেক্টরের সাহায্যে নির্ণয় বা নির্দেশ করা হয় তাকে অবস্থান ভেক্টর বলে। এটিকে ব্যাসার্ধ ভেক্টরও বলে।
একক ভেক্টর	Unit Vector	যে ভেক্টরের মান এক একক তাকে একক ভেক্টর বলে। $\hat{n} = \frac{\vec{A}}{ \vec{A} }$
বিপরীত বা ঋণ ভেক্টর	Opposite or Negative Vector	বিপরীত দিকে ক্রিয়ারত দুটি সমজাতীয় ভেক্টরের মান সমান হলে তাদেরকে একে অপরের বিপরীত বা ঋণ ভেক্টর বলে।

07. কোন দুটি ভেক্টর রাশি?

A. গতিশক্তি, বেগ

B. তড়িৎ বিভব, ত্বরণ

C. কেন্দ্রমুখী ত্বরণ, তাপমাত্রা

D. তড়িৎ ক্ষেত্র, বল

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	ভেক্টর	পৃষ্ঠা নম্বর: 65; টপিক: ভেক্টরের প্রকারভেদ	হুবহু

SOWhy তড়িৎক্ষেত্র ও বল দুটি ভেক্টর রাশির উদাহরণ।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ দিক রাশি বা ভেক্টর রাশির উদাহরণসমূহ: ভবে সব প্রিওতম ভাসে কত গ্রেটের প্রেমে

ভ	বে	স	ব	প্রি	ও	ত	ম	ভা	সে	ক	ত	গ্রে	টের	প্রে	মে
↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓	↓
ভরবেগ	বেগ	সরণ	বল	প্রাবল্য	ওজন	তুরণ	মন্দন	ভ্রামক	সান্দ্রতা গুণাঙ্ক	কার্ল	তড়িৎক্ষেত্র	গ্রেডিয়েন্ট	টর্ক	পৃষ্ঠটান	মহাকর্ষীয় প্রাবল্য

Note: সকল প্রকার প্রাবল্য ও ভ্রামক দিক রাশি। ব্যতিক্রম-জড়তার ভ্রামক। এটি স্কেলার রাশি। সকল প্রকার বল ভেক্টর রাশি ব্যতিক্রম ঘাতবল। গুরুত্বপূর্ণ স্কেলার রাশি: তড়িৎ বিভব, দ্রুতি, কাজ, তাপমাত্রা।

08. 20 m/s বেগে গতিশীল একটি বস্তুর বেগ 2 m/s হারে হ্রাস পায়। থেকে যাওয়ার আগে বস্তুটি কত দূরত্ব অতিক্রম করবে?

A. 50 m

B. 200 m

C. 100 m

D. 120 m

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	গতিবিদ্যা	পৃষ্ঠা নম্বর: 215; টপিক: গতি সংক্রান্ত সমীকরণ	সাদৃশ্যপূর্ণ

SCWhy আমরা জানি, $v^2 = u^2 + 2as$
 $\Rightarrow s = \frac{v^2 - u^2}{2a} = \frac{0 - 20^2}{2 \times 2} = \frac{400}{4} = 100 \text{ m}$

$u = 20 \text{ ms}^{-1}$ $v = 0 \text{ ms}^{-1}$
 $a = -2 \text{ ms}^{-2}$ $s = ?$

09. কোনটি লম্বিক তরঙ্গ?

A. পানি তরঙ্গ

B. শব্দ তরঙ্গ

C. আলোক তরঙ্গ

D. বেতার তরঙ্গ

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তরঙ্গ	পৃষ্ঠা নম্বর: 250 এর ০৩ নং প্রশ্ন; টপিক: তরঙ্গের প্রকারভেদ	হুবহু

SBWhy শব্দ তরঙ্গ একটি লম্বিক তরঙ্গের উদাহরণ।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

● আড়/অনুপ্রস্থ তরঙ্গ ও অনুদৈর্ঘ্য/লম্বিক তরঙ্গের উদাহরণ:

আড়/অনুপ্রস্থ তরঙ্গ	অনুদৈর্ঘ্য/লম্বিক তরঙ্গ
<ul style="list-style-type: none"> আলোক তরঙ্গ এক্সরে 	<ul style="list-style-type: none"> পানি তরঙ্গ টানা তারের তরঙ্গ তড়িৎ চৌম্বক তরঙ্গ শব্দ তরঙ্গ, স্প্রিং-এ সৃষ্টি তরঙ্গ টোলে বাড়ি দিলে সৃষ্টি তরঙ্গ বাঁশির সুর তরঙ্গ

10. দুটি গ্যাসের গড় গতিশক্তি কখন সমান হয়?

A. তাপমাত্রা বৃদ্ধি পেলে

B. তাপমাত্রা সমান হলে

C. তাপমাত্রা হ্রাস পেলে

D. আয়তন হ্রাস পেলে

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব	পৃষ্ঠা নম্বর: 275; টপিক: Step-04 এর গুরুত্বপূর্ণ লাইন	হুবহু

SBWhy কোনো গ্যাসের অণুগুলো গড় গতিশক্তি, $\bar{E} = \frac{3}{2} KT$; $\bar{E} \propto T$

11. একটি গোলকের পরিমাপ্য ব্যাসার্ধ (2.5 ± 0.2) হলে এর আয়তন পরিমাপের শতকরা ত্রুটি কত?

A. 24%

B. 8%

C. 0.08%

D. 0.24%

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	ভৌত জগৎ ও পরিমাপ	পৃষ্ঠা নম্বর: 60 এর ২১ নং প্রশ্ন; টপিক: পরিমাণের ত্রুটিসমূহ	হুবহু

SAWhy এখানে, $R = 2.5$; পরম ত্রুটি, $\Delta R = 0.2$

আয়তনে শতকরা ত্রুটি $= \frac{\Delta V}{V} \times 100\% = \frac{3 \times \Delta R}{R} \times 100\% = 24\%$

শিক্ষার সবকিছু পাঠশালায়

12. 50 kg ওজন। কত উচ্চতায় ওজন অর্ধেক হবে-

- A. 2650 km B. 1600 km C. 3200 km D. 6400 km

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	মহাকর্ষ ও অভিকর্ষ	পৃষ্ঠা নম্বর: 130; টপিক: অভিকর্ষজ ত্বরণের সূত্রাবলী	সাদৃশ্যপূর্ণ

S(Why) এখানে, $g' = \frac{g}{2}$; $g = \frac{GM}{R^2}$; $g' = \frac{GM}{(R+h)^2} \Rightarrow \frac{g}{g'} = \left(\frac{R+h}{R}\right)^2 \Rightarrow 1 + \frac{h}{R} = \sqrt{2} \Rightarrow \frac{h}{R} = \sqrt{2} - 1 = 1.414 - 1$

$\Rightarrow h = 0.414 R = 2650 \text{ km}$ [মুখস্থ রাখতে হবে, $\sqrt{2} = 1.414$]

Shortcut: ওজন $W = mg \Rightarrow W \propto g$; অর্থাৎ ওজন অর্ধেক হলে অভিকর্ষজ ত্বরণও (g) অর্ধেক হবে। $\therefore h = (\sqrt{n} - 1) R = (\sqrt{2} - 1) R = 0.41R = 2650 \text{ km}$

13. গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে কোন রাশির উপর?

- A. তাপমাত্রা B. চাপ C. আয়তন D. এনট্রপি

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তাপগতিবিদ্যা	পৃষ্ঠা নম্বর: 282 এর ১০ নং প্রশ্ন; টপিক: তাপ গতীয় পরিবর্তন	হুবহু

S(Why) গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে তাপমাত্রার উপর।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

গ্যাসের অভ্যন্তরীণ শক্তি $= \frac{3}{2} nRT \Rightarrow$ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি \propto তাপমাত্রা (T)

14. গ্যাসের রুদ্ধতাপীয় প্রসারণে শক্তির উৎস হলো?

- A. বাহ্যিক কার্য B. অভ্যন্তরীণ শক্তি C. তাপ গ্রহণ D. তাপ বর্জন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তাপগতিবিদ্যা	পৃষ্ঠা নম্বর: 283 এর ৫২ নং প্রশ্ন টপিক: সমোষ্ণ ও রুদ্ধতাপীয় পরিবর্তন	অনুরূপ

S(B)Why গ্যাসের রুদ্ধতাপীয় প্রসারণে শক্তির উৎস হলো অভ্যন্তরীণ শক্তি।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

রুদ্ধতাপীয় প্রসারণে তাপমাত্রা হ্রাস পায়, অন্তঃস্থ শক্তিও হ্রাস পায় এবং সংকোচনে তাপমাত্রা ও অন্তঃস্থ শক্তি বৃদ্ধি পায়।

15. পৃথিবীর বিনতি কোণ শূন্য-

- A. চৌম্বক মেরুতে B. চৌম্বক নিরক্ষরেখায় C. ভৌগলিক মেরুতে D. 90° অক্ষাংশে

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ও চৌম্বকত্ব	পৃষ্ঠা নম্বর: 483 এর Part-03: ০২ নং প্রশ্ন; টপিক: ভূ-চুম্বকত্ব	হুবহু

S(B)Why চৌম্বকীয় নিরক্ষরেখায় বিনতি কোণ শূন্য।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ বিনতি :

সংজ্ঞা	পৃথিবীর কোনো স্থানে ভারকেন্দ্র দিয়ে মুক্তভাবে ঝুলন্ত চুম্বকের চৌম্বক অক্ষ অনুভূমিকের সাথে যে কোণ উৎপন্ন করে স্থির থাকে।
বৈশিষ্ট্য	বিনতি কোণের মান নিরক্ষরেখা/বিষুবরেখার শূন্য এবং পৃথিবীর দুই চৌম্বক মেরুতে 90°.
উদাহরণ	ঢাকার বিনতি, $\delta = 31^\circ \text{N}$.

16. একটি বিচ্ছিন্ন ধনাত্মক আধানের বলরেখাগুলো-

- A. বামাবর্তী B. দক্ষিণাবর্তী C. লম্বভাবে অন্তর্মুখী D. লম্বভাবে বহির্মুখী

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	স্থির তড়িৎ	পৃষ্ঠা নম্বর: 292; টপিক: তড়িৎ বল	হুবহু

S(D)Why ধনাত্মক আধানে বলরেখাগুলো লম্বভাবে বহির্মুখী ক্রিয়াকরে।



দৃষ্টি আকর্ষণ: পড়া শুরু করার আগে জানতে হবে ভর্তি প্রশ্নের প্যাটার্ন, বুঝতে হবে প্রশ্নের গতি-প্রকৃতি অর্থাৎ কি স্টাইলে প্রশ্ন হয়। সে জন্য সাম্প্রতিক সালের এএফএমসি ভর্তি পরীক্ষার প্রশ্নের খুঁটিনাটি অধ্যয়নভিত্তিক ছাড়াও শুরুতেই তুলে ধরা হলো যাতে তোমরা সহজেই ধারণা নিতে পারো। বিগত সালের প্রশ্নসহ অধ্যয়ন শেষে দুইটি পেপার ফাইনাল ও পাঁচটি মডেল টেস্ট সংযোজন করা হয়েছে।

পদার্থবিজ্ঞান	৩০ × ১ = ৩০	সময় : ১৮ মিনিট
---------------	-------------	-----------------

01. বিদ্যুৎ উৎপাদনে পানির কোন শক্তিকে/ধর্মকে কাজে লাগানো হয়?

- A. গতিশক্তি B. বিভবশক্তি C. শব্দ শক্তি D. পৃষ্ঠতান

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	কাজ, শক্তি ও ক্ষমতা	পৃষ্ঠা-১১১ এর ২৪ নং প্রশ্ন টপিক: শক্তি এবং শক্তির প্রকারভেদ	হুবহু

SAWhy পানি উচ্চ স্থান হতে নিম্ন স্থানে প্রবাহিত হয়। উচ্চ স্থানে থাকার সময় তার শক্তি স্থিতিশক্তি/ বিভব শক্তি। নিম্ন স্থানে প্রবাহিত হবার সময় স্থিতিশক্তি গতিশক্তিতে রূপান্তরিত হয়। এই গতিশক্তির সাহায্যে টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ শক্তি উৎপন্ন করা হয়। সুতরাং বিদ্যুৎ উৎপাদনে পানির বিভব শক্তিকে কাজে লাগানো হয়।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

উদাহরণ	শক্তির রূপান্তর
<ul style="list-style-type: none"> টারবাইন ঘুরিয়ে বিদ্যুৎ শক্তি উৎপন্ন করা বৈদ্যুতিক ইঞ্জিনে তড়িৎচালনা করে তাপ উৎপন্ন করা এই তাপের সাহায্যে কাপড়-চোপড় ইঞ্জিন করা 	<ul style="list-style-type: none"> যান্ত্রিক শক্তি – বিদ্যুৎ শক্তিতে বিদ্যুৎ শক্তি – তাপ শক্তিতে তাপ শক্তি – যান্ত্রিক শক্তিতে
<ul style="list-style-type: none"> কাঁচা লোহার উপর অন্তরীত তামার তার জড়িয়ে বিদ্যুৎ চালনা করে পাতটিকে চুম্বকে পরিণত করা ফটো ইলেকট্রিক কোষে আলো ফেলে বিদ্যুৎ প্রবাহ তৈরি করা 	<ul style="list-style-type: none"> বিদ্যুৎ শক্তি – চুম্বক শক্তিতে আলোক শক্তি – বিদ্যুৎ শক্তিতে
<ul style="list-style-type: none"> ঔষধের কারখানায় শ্রবণোত্তর বা শব্দোত্তর তরঙ্গের সাহায্যে জীবাণু ধ্বংস করা কর্পূরকে পানিতে দ্রবীভূত করা শব্দোত্তর তরঙ্গ দ্বারা বস্ত্রাদির ময়লা পরিষ্কার করা 	<ul style="list-style-type: none"> শব্দ শক্তি – যান্ত্রিক শক্তিতে
<ul style="list-style-type: none"> বৈদ্যুতিক ঘন্টা টেলিফোন 	<ul style="list-style-type: none"> বিদ্যুৎ শক্তি – শব্দ শক্তিতে
<ul style="list-style-type: none"> বিদ্যুৎ কোষে রাসায়নিক দ্রব্যের বিক্রিয়ার ফলে বিদ্যুৎ উৎপন্ন হয় নিউক্লিয়ার রিয়াক্টরের মধ্যে একটি নিউট্রন দ্বারা ভারী পরমাণুকে আঘাত করে নিউক্লিয় ফিশন বিক্রিয়া ঘটানো। 	<ul style="list-style-type: none"> রাসায়নিক শক্তি – তড়িৎ বা বিদ্যুৎ শক্তিতে পারমাণবিক শক্তি – তাপ শক্তিতে

02. পরিবাহিতার SI একক কোনটি?

- A. Siemens/metre B. Simense/sec C. mho/sec D. ohm

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	চল তড়িৎ	পৃষ্ঠা-৩২০ টপিক-পরিবাহিতা	হুবহু

SAWhy পরিবাহিতার SI একক (ohm)⁻¹ বা mho বা Siemens অথবা Siemens/metre।

সংজ্ঞা	<ul style="list-style-type: none"> রোধের বিপরীত রাশি।
একক	<ul style="list-style-type: none"> সিমেন্স (S) বা (ohm)⁻¹ বা mho
সমীকরণ	<ul style="list-style-type: none"> পরিবাহিতা, $G = \frac{1}{R}$ $1s = \frac{1A}{1V} = 1AV^{-1}$
বিশেষ তথ্য	<ul style="list-style-type: none"> ধাতব পদার্থের তড়িৎ পরিবাহিতা বেশি। তার মধ্যে রূপার পরিবাহিতা সবচেয়ে বেশি। তাপমাত্রা বৃদ্ধির সাথে ধাতব পরিবাহীর পরিবাহিতা হ্রাস পায়।

03. ভরবেগ ও গতি জড়তার সম্পর্ক কিরূপে?

A. ব্যাস্তানুপাতিক

B. সমানুপাতিক

C. বর্গমূলের সমানুপাতিক

D. বর্গের ব্যাস্তানুপাতিক

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	নিউটনীয় বলবিদ্যা	পৃষ্ঠা-৮৭ এর ২৫ নং প্রশ্ন; টপিক: ভরবেগ ও ভরবেগের সংরক্ষণ সূত্র	হুবহু

S(B)Why বস্তুর ভর ও বেগের সমন্বয়ে বস্তুতে যে ধর্মের উদ্ভব হয় তাকে বস্তুর ভরবেগ বলে। বস্তুর ভর ও বেগের গুণফল দ্বারা ভরবেগ পরিমাপ করা হয়। গতি জড়তা ভরবেগের সমানুপাতিক। ইহা একটি ভেক্টর রাশি।

04. এক কেজি বরফ কে পানিতে পরিণত করতে প্রয়োজনীয় তাপ কত?

A. 3.36×10^5 JB. 33.6×10^5 JC. 33.6×10^6 JD. 3.36×10^6 J

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তাপগতিবিদ্যা	পৃষ্ঠা-২৬৪ এর ৭০ নং প্রশ্ন; টপিক: অভ্যন্তরীণ শক্তি	হুবহু

S(A)Why এক কেজি বরফ কে পানিতে পরিণত করতে প্রয়োজনীয় তাপ, $Q = mL_f = 1 \times 3.36 \times 10^5 = 3.36 \times 10^5$ J

05. সেকেন্ড দোলকের দোলনকাল কত?

A. 1 sec

B. 2 sec

C. 0

D. অসীম

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	পর্যাবৃত্তিক গতি	পৃষ্ঠা-১৮৯ এর সেলফ টেস্ট এর ০২ নং প্রশ্ন টপিক: সেকেন্ড দোলক	হুবহু

S(B)Why সেকেন্ড দোলক: যে সরল দোলকের দোলনকাল 2s অর্থাৎ বিস্তারের এক প্রান্ত থেকে অন্য প্রান্তে যেতে 1 সেকেন্ড সময় লাগে তাকে সেকেন্ড দোলক বলে।

- সেকেন্ড দোলকের দৈর্ঘ্য অভিকর্ষজ ত্বরণের সমানুপাতিক, $L \propto g$ ।
- সেকেন্ড দোলকের গুরুত্বপূর্ণ তথ্যসমূহ:
 - দোলনকাল = 2s
 - কম্পাংক = 0.5Hz
 - একটি অর্ধদোলন কাল = 1s.
 - কার্যকর দৈর্ঘ্য = 0.993m. = 99.3 cm = 3.36ft

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

- পৃথিবীর কেন্দ্রে $g = 0$; $T = 2\pi \sqrt{\frac{L}{g}} = 2\pi \sqrt{\frac{L}{0}} = \infty$, দোলনকাল অসীম।
- সেকেন্ড দোলকের দোলনকালের অর্ধেক সময় = 1s।

06. পৃথিবীর মুক্তিবেগ কত?

A. 11.2 miles⁻¹B. 2500 mile s⁻¹C. 11.2 kms⁻¹

D. 2500 km

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	মহাকর্ষ ও অভিকর্ষ	পৃষ্ঠা-১৪৩ এর ১৬ নং প্রশ্ন; টপিক- মুক্তি বেগ	হুবহু

S(C)Why বিভিন্ন এককে পৃথিবীর মুক্তিবেগ: 11.2kms⁻¹/7miles⁻¹/25000miles⁻¹

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

গ্রহ/উপগ্রহের নাম	মুক্তি বেগের মান
চাঁদে	2.4 km/s
বুধে	4.3 km/s
মঙ্গলে	5.0 km/s
শুক্র	10.3 km/s
বৃহস্পতিতে	59.5 km/s

07. ট্রানজিস্টর এর অসুবিধা নিচের কোনটি?

- A. দীর্ঘস্থায়ী B. উচ্চ বিভবে কাজ করে C. খুব সস্তা D. আকারে খুব ছোটো

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স	পৃষ্ঠা-৪৪১ এর প্রশ্ন নং ৯৯ টপিক: ট্রানজিস্টর	হুবহু

S(B)Why ট্রানজিস্টর কাজ করার ক্ষেত্রে উচ্চ বিভবের প্রয়োজন হয়।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ ট্রানজিস্টরের সুবিধা ও অসুবিধা :

সুবিধা	<ul style="list-style-type: none"> আকারে খুব ছোট। এটি যান্ত্রিক কম্পন সহ্য করতে পারে। এটি খুব সামান্য বিভবে কাজ করে। এটি খুব সস্তা। এটি দীর্ঘস্থায়ী। এর ক্রিয়া তাৎক্ষণিক।
অসুবিধা	<ul style="list-style-type: none"> এটি উষ্ণতার খুব সুগ্রাহী। এটি খুব কম উৎপাদন শক্তি দেয়।

08. আকর্ষণ বলের সাথে দূরত্বের সম্পর্ক কি?

- A. সমানুপাতিক B. বর্গের ব্যাস্তানুপাতিক C. ব্যাস্তানুপাতিক D. বর্গের সমানুপাতিক

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	মহাকর্ষ ও অভিকর্ষ	পৃষ্ঠা-১২৯ এর ১৩ নং প্রশ্ন টপিক: মহাকর্ষ বল ও নিউটনের মহাকর্ষ সূত্র	হুবহু

S(B)Why আকর্ষণ বল বা মহাকর্ষ বল $F = G \frac{m_1 m_2}{d^2} \Rightarrow F \propto \frac{1}{d^2} \propto \left(\frac{1}{\text{দূরত্ব}^2}\right)$

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

- নিউটনের মহাকর্ষ সূত্র : মহাবিশ্বের প্রতিটি বস্তুকণা একে অপরকে নিজ দিকে আকর্ষণ করে এবং এই আকর্ষণ বলের মান বস্তু কণাদ্বয়ের ভরের গুণফলের সমানুপাতিক এবং এদের মধ্যবর্তী দূরত্বের বর্গের ব্যাস্তানুপাতিক এবং এ বল বস্তু কণাদ্বয়ের সংযোজক সরলরেখা বরাবর ক্রিয়া করে।
- সূত্রের গাণিতিক রূপ $F = G \frac{m_1 m_2}{d^2}$; এখানে G একটি সমানুপাতিক ধ্রুবক। একে বিশ্বজনীন মহাকর্ষীয় ধ্রুবক বলে। এর মান কেবল রাশিগুলোর এককের উপর নির্ভর করে।

09. নিচের কোনটি তেজস্ক্রিয় রশ্মি নয়?

- A. আলফা কণা B. এক্স-রে C. বিটা রশ্মি D. গামা রশ্মি

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	পরমাণুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান	পৃষ্ঠা-৪১১ এর প্রশ্ন নং ৭৩ টপিক তেজস্ক্রিয় রশ্মি	হুবহু

S(B)Why এক্স-রে তেজস্ক্রিয় রশ্মি নয়।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

আবিষ্কারক	<ul style="list-style-type: none"> রাদারফোর্ড (1899 সালে) এবং উইলার্ড/ভিলার্ড (1900 সালে)। তেজস্ক্রিয় পদার্থ থেকে ৩ ধরনের রশ্মি নির্গত হয়। যথা- <ol style="list-style-type: none"> আলফা রশ্মি (α - rays) বিটা রশ্মি (β - rays) গামা রশ্মি (γ-rays)
-----------	---

25. একটি হাত ঘড়ির সেকেন্ডের কাটার দৈর্ঘ্য 1.7cm এর প্রান্তের রৈখিক বেগ কত?

- A. 0.178 cms⁻¹ B. 1.78cms⁻¹ C. 17.8 cms⁻¹ D. 178 cms⁻¹

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	নিউটনিয়ান বলবিদ্যা	পৃষ্ঠা-৯৭; টপিক- Summary of the Chapter (VVI Line)	হুবহু

S(A)Why $v = \omega r = \frac{6.28}{60} \times 1.7 = 0.178 \text{ cm/s}$

$r = 1.7 \text{ cm}; \omega = \frac{2\pi}{T} = \frac{2 \times 3.1416}{60}$

☑ অপশন টেস্টিং: 1cm/s এর চেয়ে কম → এই বেগের অপশনটি নিতে হবে।

26. নিউক্লিয়াস এর আবিষ্কারক কে?

- A. আর্নেস্ট রাদারফোর্ড B. জে. জে থমসন C. ম্যাক্স প্ল্যাঙ্ক D. আলবার্ট আইনস্টাইন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	পরমাণুর মডেল ও নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান	পৃষ্ঠা-৪০৩ এর প্রশ্ন নং ০১; টপিক-পরমাণুর গঠন সম্পর্কিত কথামালা	হুবহু

S(A)Why • আর্নেস্ট রাদারফোর্ড → নিউক্লিয়াস আবিষ্কার করেন।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

• জে জে থমসন → ইলেকট্রন আবিষ্কার করেন। • ম্যাক্স প্ল্যাঙ্ক → কোয়ান্টাম তত্ত্ব আবিষ্কার করেন।

• আইনস্টাইন → আপেক্ষিক তত্ত্ব, ফটো তড়িৎ ক্রিয়া আবিষ্কার করেন।

27. আদর্শ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি কোনটির উপর নির্ভর করে?

- A. তাপমাত্রা B. আয়তন C. ঘনমাত্রা D. সবগুলো

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	তাপগতিবিদ্যা	পৃষ্ঠা নম্বর: ২৬৪ এর ৬৯ নং প্রশ্ন; টপিক: অভ্যন্তরীণ শক্তি	হুবহু

S(A)Why গ্যাসের অভ্যন্তরীণ শক্তি নির্ভর করে তাপমাত্রার উপর। • গ্যাসের অভ্যন্তরীণ শক্তি, $E = \frac{3}{2} nRT \Rightarrow$ গ্যাসের অভ্যন্তরীণ শক্তি (E) \propto তাপমাত্রা (T)

28. X-ray এর তরঙ্গদৈর্ঘ্য কত?

- A. 0.01-10 nm B. 0.001-1 nm C. 0.01-1 nm D. 0.001-10 nm

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	আধুনিক পদার্থবিজ্ঞানের সূচনা	পৃষ্ঠা নম্বর: ৩৮৩ এর ৮২ নং প্রশ্ন; টপিক: X-Ray বা রঞ্জন রশ্মি	হুবহু

S(A)Why X-ray বা রঞ্জন রশ্মি:

আবিষ্কারক	রন্টজেন (১৮৯৫ সালে)।
সংজ্ঞা	দ্রুতগতিসম্পন্ন ইলেকট্রন কোনো ধাতুকে আঘাত করলে তা থেকে উচ্চ ভেদন ক্ষমতাসম্পন্ন যে বিকিরণ উৎপন্ন হয় তাকে এক্স-রে বা রঞ্জন রশ্মি বলে।
তরঙ্গদৈর্ঘ্যের সীমা	0.01-10 nm
প্রকারভেদ	২ প্রকার। যথা-১। কোমল এক্স-রে ও ২। কঠিন এক্স-রে।
মূলনীতি	দ্রুতগতিসম্পন্ন ইলেকট্রন কোনো ধাতুকে আঘাত করলে সেখান থেকে এক্স-রে নির্গত হয়। এক্সরে উৎপাদনের মূলনীতি ফটোইলেকট্রিক ক্রিয়ার বিপরীত নীতি।
উৎপন্ন করার পদ্ধতি	i. গ্যাস নল পদ্ধতি। ii. কুলীজ নল পদ্ধতি। iii. বিটট্রিন পদ্ধতি।

29. কোন আলোক রশ্মি ত্বকে ভিটামিন-ডি তৈরিতে সাহায্য করে?

- A. আলফা রশ্মি B. আল্ট্রাভায়োলেট রশ্মি C. বিটা রশ্মি D. এক্স রশ্মি

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	ভৌত আলোকবিজ্ঞান	পৃষ্ঠা নম্বর: 353 এর ৩৮ নং প্রশ্ন; টপিক: তড়িৎ চৌম্বকীয় বর্ণালীর তুলনা	হুবহু

S(B)Why আল্ট্রাভায়োলেট রশ্মি ত্বকে ভিটামিন-ডি তৈরিতে সাহায্য করে।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম: আলফা রশ্মি, বিটা রশ্মি ও এক্স রশ্মি ত্বকের ক্ষতি করে।

30. বাষ্পায়ন নির্ভর করে না কোনটির উপর?

- A. তরলের ভর B. তরলের প্রকৃতি C. তাপমাত্রা D. তরলের ঘনত্ব

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি ASPECT MEDICAL PHYSICS এর যে পৃষ্ঠা থেকে কমন পড়েছে	যেভাবে কমন পড়েছে
	ইসহাক স্যার	আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব	পৃষ্ঠা নম্বর: 197; টপিক: অর্দ্রতা ও শিশিরাক্ষ	অনুরূপ

S(A)Why বাষ্পায়ন নির্ভর করে- • তাপমাত্রা • তরলের ঘনত্ব

• তরলের প্রকৃতি।




সুপ্রিয়, মেডিকেল ও ডেন্টাল কলেজে ভর্তিচ্ছুক ভাইয়া ও আপুরা, কি অবস্থা তোমাদের? আর লেখা-পড়া ই বা চলছে কেমন? তোমাদের অনেকের নিকটই পদার্থ বিষয়টি একটা আতঙ্কের নাম। সত্য বলতে মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় যে বা যারা পদার্থে ভাল করবে তাদের চাপ পাওয়ার সম্ভাবনা তত বেড়ে যাবে। তোমাদের পদার্থ ভীতি দূর করতে ও পরীক্ষায় যেন তোমরা ভাল করতে পার সে লক্ষ্যেই আমাদের এই আয়োজন। আমরা গতানুগতিক মেডিকেল ভর্তি গাইডের বাইরে গিয়ে নতুন কিছু করার চেষ্টা করেছি, ASPECT MEDICAL PHYSICS বইটিতে। 'যতটুকু প্রয়োজন ঠিক ততটুকুই আয়োজন' আমরা এই তত্ত্বকে সামনে রেখেই বইটিকে সাজিয়েছি। তো চল এবার শুরু করা যাক....

আমরা "EPIC TIPS AND TRICKS" সেগমেন্টটিতে তোমাদের কিছু EXCLUSIVE TIPS AND TRICKS দেখাচ্ছি। এর অনেক কিছুই হয়তো এভাবে কখনো তোমরা দেখনি। এগুলো ভালভাবে আয়ত্ত করতে পারলে পদার্থের বিভিন্ন দূরত্ব ব্যাপার গুলো তোমাদের নিকট সহজ হয়ে যাবে। পুরো বইটিতে তোমরা এরকম অসংখ্য SHORTCUT TIPS AND TRICKS পাবে। তো আর কথা না বাড়ায়।

NoTion 01 প্রাসের সূত্র নিয়ে বাজিমাত :

■ প্রাসের এত বড় বড় সূত্রগুলোকে যদি অনেক সহজভাবে উপস্থাপনা করা যায়। কেমন হবে ব্যাপারটা?



$$1. T = \frac{2u \sin \theta}{g} = \frac{2u_y}{g}$$

$$2. R = \frac{u^2 \sin 2\theta}{g} = \frac{u \cdot 2 \sin \theta \cos \theta}{g} = \frac{2 u \cos \theta \cdot u \sin \theta}{g}$$

$$\therefore R = \frac{2 u_x u_y}{g}$$

$$3. H = \frac{u^2 \sin^2 \theta}{2g} = \frac{(u_y)^2}{2g}$$

এত বড় সূত্রগুলো কত ছোট হয়ে গেল। তাই না? আরও ছোট করি চলো।

প্রতিটা সূত্রে খেয়াল করো, $\frac{u_y}{g}$ কমন অংশ।

তাহলে, আজকে থেকে আর এত বড় শিখতে হবে কি?

ধরি, θ = নিষ্ফেপন কোণ

u = নিষ্ফেপণ বেগ

$u_x = u \cos \theta$ = অনুভূমিক বরাবর উপাংশ।

$u_y = u \sin \theta$ = উলম্ব বরাবর উপাংশ।

T = ভ্রমণকাল

R = অনুভূমিক পাল্লা

H = সর্বাধিক উচ্চতা

$\sin 2\theta = 2 \sin \theta \cos \theta$



তাহলে,

$$1. T = 2$$

$$2. R = 2u_x$$

$$3. H = \frac{u_y}{2}$$

সবার ক্ষেত্রে $\frac{u_y}{g}$ কমন নিয়ে।

NoTion 02 চাঁদের রাতে নৌকা ভ্রমণ :

$$\tan \theta = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$$

θ = ছোট কোণ

α = বড় কোণ

নদী-নৌকার সাথে এ সূত্র প্রয়োগ করবে কিভাবে?

V_H = Velocity of Human


V_T = Velocity of tide

ঝামেলা হচ্ছে, সূত্র পারো কিন্তু ম্যাথ করতে গেলে কাকে P আর কাকে Q ধরবা সেটাই বুঝো না।

Remember: যার তাড়াহুড়া নাই সে হবে একবার (সিংগেল)। শ্রোতের তাড়াহুড়া নাই।

শ্রোত নিজের মত চলে। মানুষের তাড়াহুড়া বেশি।

বুঝতেই পারছ?



V_T কে ধরবা সূত্রের P

V_H কে ধরবা সূত্রের Q

ওকে ক্লিয়ার ত এবার?

- **EXAMPLE:** শ্রোত না থাকলে যে সাতার 4 km/h বেগে সাতার কাটতে পারেন, 2km/h বেগে সরলরেখা বরাবর প্রবাহিত নদীর ওপারে ঠিক বিপরীত বিন্দুতে পৌঁছাতে সাতারকে কত কোণে সাতার কাটতে হবে?

Solve: মধ্যবর্তী কোণ $\alpha = \left(-\frac{\text{শ্রোতের বেগ}}{\text{সাতারের বেগ}} \right) \Rightarrow \cos \alpha = \left(-\frac{2}{4} \right) = \left(-\frac{1}{2} \right) \Rightarrow \alpha = \cos^{-1} \left(-\frac{1}{2} \right) = 120^\circ$

এখানে, শ্রোতের বেগ অপেক্ষা সাতারের বেগ সর্বদা বড় হবে। অর্থাৎ

শ্রোতের বেগ = ছোট মান

সাতারের বেগ = বড় মান

Aspect Super Tricks: সাতারের বেগ বা নৌকার বেগ শ্রোতের বেগের দ্বিগুণ হলে এবং নদীর ওপারে বিপরীত বিন্দু বললে, $\alpha = 120^\circ$ ।

NoTion 03 চলো, সবার থেকে আলাদা করে চিন্তা করি :

- কিন্তু যদি প্রশ্নে, বেগ অর্ধেক হওয়ার পরিবর্তে বলে $\frac{2}{3}$ অংশ হারায়। তখন কি করবে?

আগে Shortcut টা খেয়াল করি, $x = \frac{s}{n^2 - 1}$

এখানে n এর মান হচ্ছে হারানোর পর বেগ কত হয় সেটাকে উল্টাই দেবে।

$\frac{2}{3}$ অংশ বেগ হারালে, মোট বেগ 1 হলে কার্যকর বেগ $v = 1 - \frac{2}{3} = \frac{3-2}{3} = \frac{1}{3}$

তাহলে $\frac{1}{3}$ কে উল্টাই দিলে যা হবে সেটাই n।

সুতরাং, n = 3

এবার শর্টকাটে খেয়াল করি আবারও।

$x = \frac{s}{n^2 - 1}$ এখান, s = 1m ধরি,

$= \frac{1}{3^2 - 1} = \frac{1}{s - 1} = \frac{1}{8}$

তাহলে, বুঝতে পারছ কি?

n এর মান হলো হারানোর পর যতটুকু থাকে সেটা বের করে উল্টে দেবে।

- **EXAMPLE:** একটি লক্ষ্যস্থলে গুলি ছোঁড়া হলো। 0.06 M ভেদ করার পর গুলিটির বেগ অর্ধেক হয়ে গেল। গুলিটি আর কতদূর ভেদ করে যাবে?

Solve: $x = \frac{s}{n^2 - 1} = \frac{0.06}{(2)^2 - 1} = \frac{0.06}{3} = 0.02 \text{ m}$

বেগ অর্ধেক হলে বা হারালে, $s' = \frac{s}{3} = \frac{0.06}{3} = 0.02 \text{ m}$

NoTion 04 লিফটে মানুষের ওজনহীনতা :

লিফট নিয়ে আরও কিছু কথা মনে রাখবে।

তুমি যখন লিফটে দাঁড়াতে তোমার ওজনের সমান বল ক্রিয়াবল হিসেবে কাজ করবে। তাহলে, লিফটের মেঝে কিন্তু তোমার উপর প্রতিক্রিয়া বল দেবে।

ধরি, প্রতিক্রিয়া R।

এবার বিভিন্ন শর্ত সাপেক্ষে প্রতিক্রিয়া বল হিসেব করবো। চলো দেখি কি হয়।

Case-01: লিফট যখন a ত্বরণে ওপরে উঠে। $R = m(g + a)$

Case-02: লিফট তখন a ত্বরণে নিচে নামে। $R = m(g - a)$

Case-03: এবার ধরো লিফট স্থির অবস্থায় আছে। অথবা সমবেগে ওঠানামা করে। সমবেগে চলার অর্থ a = 0

$R = m(g \pm a) = m(g \pm 0) = mg$

Case-04: এবার একটু মজার পড়াশুনায় আসি। লিফটের মধ্যে কখন তুমি নিজেকে ওজনহীন (Weightless) মনে করবে?

লিফট যখন অবাধে নিচে নামবে। অবাধে নিচে পড়ার অর্থ বুঝতে হবে?


লিফট ছিঁড়ে গেছে অর্থাৎ লিফটের উপর যে তারের মত থাকে সেটা ছিঁড়ে গেছে। হায়! হায়!! এবার কি করবে?

কিছুই হবে না আপাতত। তুমি g এর সমান ত্বরণে নিচে নামবে অর্থাৎ a = g.

$R = m(g - a) = m(g - g) = 0$

দেখ, তোমার উপর কোনো প্রতিক্রিয়া বল নেই। তাহলে ক্রিয়া বল ও নাই। কারণ ক্রিয়া = প্রতিক্রিয়া এবার কিন্তু তুমি weightless।

মজার তো ব্যাপারটা! মন চাইলে এভাবে লিফটের তার কেটে দেখতে পারো।



NoTion 09 পদার্থবিজ্ঞানের গুরুত্বপূর্ণ রাশিসমূহ, তাদের প্রতীক এবং মানসমূহ :

Name	Symbol	Value with unit
শূন্য মাধ্যমে আলোর বেগ	$c = (\sqrt{\mu_0 \epsilon_0})^{-1}$	$3 \times 10^8 \text{ms}^{-1}$
অশ্ব ক্ষমতা	H.P	$1 \text{hp} = 746 \text{W} = 550 \text{ft-lbs}^{-1}$
অভিকর্ষজ ত্বরণ	g	$9.8 \text{ms}^{-2} = 980 \text{cms}^{-2} = 32 \text{fts}^{-2}$
মহাকর্ষীয় ধ্রুবক	G	$6.673 \times 10^{-11} \text{Nm}^2 \text{kg}^{-2}$
ভূ-পৃষ্ঠে মুক্তিবৈগ	V_e	11.2kms^{-1}
পৃথিবীর ভর	M_e	$6 \times 10^{24} \text{kg}$
পৃথিবীর ব্যাসার্ধ	R_e	$6.4 \times 10^6 \text{m}$
সূর্যের ভর	M_s	$2 \times 10^{30} \text{kg}$
ইস্পাতের ইয়ং গুণাংক	Y_s	$2 \times 10^{11} \text{Nm}^{-2}$
পর্যায়ন অনুপাত	σ	$-1 < \sigma < 0.5$
গ্যাস ধ্রুবক/সার্বজনীন গ্যাস ধ্রুবক	R	$8.314 \text{Jmol}^{-1} \text{K}^{-1}$
বোল্টজম্যান ধ্রুবক	k	$1.38 \times 10^{-23} \text{JK}^{-1}$
অ্যাভোগেড্রো সংখ্যা	N_A	$6.023 \times 10^{23} \text{mol}^{-1}$
ইলেক্ট্রন ভোল্ট	eV	$1.6 \times 10^{-19} \text{J}$
এক পারমাণবিক ভর	amu	$1.66 \times 10^{-27} \text{kg}$
নিশ্চল ইলেক্ট্রনের ভর	m_e	$9.1 \times 10^{-31} \text{kg}$
রেডিয়ান	1°	57.3°
নিশ্চল প্রোটনের ভর	m_p	$1.67 \times 10^{-27} \text{kg}$
নিশ্চল নিউট্রনের ভর	m_n	$1.675 \times 10^{-27} \text{kg}$
ইলেক্ট্রনের চার্জ	e	$1.602 \times 10^{-19} \text{C}$
ফ্যারাডে ধ্রুবক	F	96500C
প্ল্যাংক ধ্রুবক	h	$6.63 \times 10^{-34} \text{Js}$
ডিরাক ধ্রুবক	$\hbar = \frac{h}{2\pi}$	$1.055 \times 10^{-34} \text{Js}$
ইলেক্ট্রনের কম্পটন তরঙ্গদৈর্ঘ্য	λ_c	$2.426 \times 10^{-12} \text{m}$
প্রোটনের কম্পটন তরঙ্গদৈর্ঘ্য	λ_{cp}	$1.321 \times 10^{-15} \text{m}$
রিডবার্গ ধ্রুবক	R_∞	$1.097 \times 10^7 \text{m}^{-1}$
এক কুরী	curie	$3.7 \times 10^{10} \text{decay/s}$
বোর ব্যাসার্ধ	r_1/α_0	0.53Å
বোর ম্যাগনেট্রন	μ_R	$9.274 \times 10^{-24} \text{Am}^2$
স্টিফান-বোল্টজম্যান ধ্রুবক	σ	$5.67 \times 10^{-8} \text{Wm}^{-2} \text{K}^{-4}$
ভীন ধ্রুবক	b	$2.9 \times 10^{-3} \text{mK}$
শূন্যস্থানের তড়িৎ ভেদনযোগ্যতা	ϵ_0	$8.854 \times 10^{-12} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$
শূন্যস্থানের চৌম্বক প্রবেশ্যতা	μ_0	$4\pi \times 10^{-7} \text{TmA}^{-1}$
কম্পটন তরঙ্গদৈর্ঘ্য/ কম্পটন ধ্রুবক	$\frac{h}{m_0 c}$	$2.455 \times 10^{-12} \text{m}$
বোর প্রথম কক্ষপথের শক্তি	E_1	-13.6eV
নিউক্লিয়াস ধ্রুবক	r_0	$1.4 \text{Fermi} = 1.4 \times 10^{-15} \text{m}$
হাবল ধ্রুবকের যুক্তিসঙ্গত মান	H	$72 \text{kms}^{-1} \text{ per million light year}$
মেগা পারসেক	MPC	$3.084 \times 10^{19} \text{km}$
1 Astronomical Unit	AU	$1.495 \times 10^8 \text{km}$
1 X-ray Unit	X.U	10^{-13}m
1 পারসেক	(PC)	3.26 আলোকবর্ষ

NoTion 12 বিভিন্ন ভৌত রাশির সংকেত, একক ও মাত্রা :

নাম	Terminology	এস.আই এককে (বাংলা নাম)	একক	মাত্রা
বেগ, দ্রুতি	velocity, speed	মিটার/সেকেন্ড	ms^{-1}	LT^{-1}
ত্বরণ	acceleration	মিটার/সেকেন্ড ^২	ms^{-2}	LT^{-2}
ভর বেগ	momentum	কিলোগ্রাম-মিটার/সেকেন্ড	$kgms^{-1}$	MLT^{-1}
বল	force	নিউটন	$kgms^{-2}$	MLT^{-2}
কাজ, শক্তি	work, energy	জুল (j)	N.m	ML^2T^{-2}
ক্ষমতা	power	ওয়াট (w)	$J.s^{-1}$	ML^2T^{-3}
ঘনত্ব	density	কিলোগ্রাম/মিটার ^৩	kgm^{-3}	ML^{-3}
চাপ	pressure	প্যাসকেল (Pa)	Nm^{-2}	$ML^{-1}T^{-2}$
তাপ	Heat	জুল (j)	N.m	ML^2T^{-2}
তাপ ধারণ ক্ষমতা	Heat capacity	জুল/কেলভিন	$J.k^{-1}$	$ML^2T^{-2}\theta^{-1}$
আপেক্ষিক তাপ	Specific heat	জুল/কিলোগ্রাম কেলভিন	$J.kg^{-1}k^{-1}$	$L^2T^{-2}\theta^{-1}$
তাপ পরিবাহকত্ব	Thermal conductivity	ওয়াট/মিটার-কেলভিন	$wm^{-1}k^{-1}$	$MLT^{-3}\theta^{-1}$
দীপন তীব্রতা	Luminous intensity	ক্যান্ডেলা	cd	J
আলোক ফ্লাক্স	Luminous flux	লুমেন	cd.sr	J
তড়িৎ তীব্রতা	electric intensity	নিউটন/কুলম্ব	$N.C^{-1}$	$MLT^{-3}I^{-1}$
তড়িৎ বিভব	electric potential	ভোল্ট	$J.C^{-1}$	$ML^2T^{-3}I^{-1}$
তড়িৎ চালক শক্তি	electromotive force	ভোল্ট	$J.C^{-1}$	$ML^2T^{-3}I^{-1}$
রোধ	resistance	ওহম (Ω)	$V.A^{-1}$	$ML^2T^{-3}I^{-2}$
আপেক্ষিক রোধ	specific resistance	ও'ম-মিটার	$\Omega - m$	$ML^3T^{-3}I^{-2}$
পরিবাহিতা	conductance	সিমেঞ্জ	$V.A^{-1}$	$M^{-1}L^{-2}T^3I^2$
পরিবাহকত্ব	conductivity	প্রতি ও'ম- প্রতি মিটার	$\Omega^{-1} - m^{-1}$	$M^{-1}L^{-3}T^3I^2$
দীপন ক্ষমতা	illumination	লাক্স	$lm.m^{-2}$	JL^{-2}
সান্দ্রতাংক	viscosity	নিউটন-সেকেন্ড/মিটার ^২	Nsm^{-2}	$ML^{-1}T^{-1}$
পৃষ্ঠটান	Surface tension	নিউটন/মিটার	Nm^{-1}	MT^{-2}
পীড়ন	Stress	নিউটন/মিটার ^২	Nm^{-2}	$ML^{-1}T^{-2}$
মহাকর্ষীয় ধ্রুবক	Gravitational constant	নিউটন-মিটার ^২ /কেজি ^২	Nm^2kg^{-2}	$M^{-1}L^3T^{-2}$

NoTion 13 একইমাত্রা সমীকরণ বিশিষ্ট রাশি :

রাশি	মাত্রা
কাজ, শক্তি, তাপ, টর্ক/বলের ভ্রামক, ঘনত্বের ভ্রামক	ML^2T^{-2}
পীড়ন, চাপ, স্থিতিস্থাপক গুণাঙ্ক	$ML^{-1}T^{-2}$
কম্পাঙ্ক, কৌণিক বেগ, বেগের নতিমাত্রা	T^{-1}
ত্বরণ, মহাকর্ষীয় প্রাবাল্য	LT^{-2}

রাশি	মাত্রা
কৌণিক ভরবেগ ও গ্ল্যাঙ্ক ধ্রুবক	ML^2T^{-1}
রৈখিক ভরবেগ ও বলের ঘাত	MLT^{-1}
পৃষ্ঠশক্তি, পৃষ্ঠটান	MT^{-2}

■ ফাঁদে পা দিও না :

মাত্রাহীন কিছু রাশি: কোণ, ঘনকোণ বিকৃতি, পয়সন অনুপাত, আপেক্ষিক গুরুত্ব।

শিক্ষার সবকিছু পাঠশালায়

গুরুত্বপূর্ণ সাজেশন

মেডিকেল ও ডেন্টাল ভর্তি পরীক্ষায় ফিজিক্স বিষয়ে ভালো করার সবচেয়ে সহজ উপায় বিগত বছরের প্রশ্নসমূহের গঠনমূলক Analysis। গঠনমূলক Analysis বলতে বুঝানো হচ্ছে প্রশ্ন ও তার সাথে সম্পৃক্ত সবকিছু জানা। বিগত বছরের প্রশ্ন Analysis করে এই বছরে প্রশ্ন আসার মতো গুরুত্বপূর্ণ টপিকসমূহ সিলেক্ট করে দেয়া হলো। "ASPECT MEDICAL PHYSICS" এর এই Analysis টপিকসমূহ থেকে গতবছর Medical & Dental ভর্তি পরীক্ষায় প্রায় শতভাগ কমন ছিল। ইনশাআল্লাহ এই বছরও এই ধারা অব্যাহত থাকবে।

প্রথম পত্র

□ ভৌতজগৎ জগত ও পরিমাপ

- ▶ বিজ্ঞানীদের অবদান (চ্যাপ্টারের পেছনে এই রিলেটেড এমসিকিউ পড়বেন + কমন অবদান পড়লেই হবে)।
- ▶ কমন একক ও মাত্রা। (আজাইরা বড় বড় একক মাত্রা পড়ে সময় নষ্ট করবেন না)।
- ▶ গাণিতিক- বিগত বছরের মেডিকলে একটা কুশেচন আসছে এটা দেখবেন। শতকরা ক্রটির অংক দেখবেন।

□ ভেক্টর

- ▶ ভেক্টর রাশির উদাহরণ। ভেক্টরের বিনিময়, সংযোগ ও বন্টন সূত্র।
- ▶ নদী নৌকার অংক। (Answer 120°)।
- ▶ কতিপয় ভেক্টরের সংজ্ঞা।

□ গতিবিদ্যা

- ▶ প্রাসের থিওরি ও অংক, উপরের দিকে নিষ্ক্ষিপ্ত বস্তুর সূত্রের অংক।
- ▶ দূরত্ব, সরণ, দ্রুতি, বেগ, ত্বরণ, মন্দন এসবের একক, মাত্রা ও উদাহরণ।

□ নিউটনিয়ান বলবিদ্যা

- ▶ মৌলিক বলের এ টু জেড সব পড়বেন।
- ▶ ভরবেগ ও গতিশক্তি, বিভবশক্তির মাত্রা, একক, সূত্র, অংক দেখবেন।
- ▶ টর্ক ও জড়তার ভ্রামকের মাত্রা, একক, সূত্র, উদাহরণ, অংক দেখবেন।
- ▶ বলের ঘাত ও ঘাতবল এর একক, মাত্রা, অংক সূত্র সব দেখবেন। ঘর্ষণের অংক দেখবেন; বিগত বছরে আসছে।
- ▶ গাণিতিক- কয়টা তত্ত্ব ভেদ করবেন, জড়তার ভ্রামক, ভরবেগ, গতিশক্তি এই টপিকের ম্যাথ করবেন। যেটা মুখে মুখে হিসাব করা যাবে না সেটা করবেন না।

□ কাজ, শক্তি ও ক্ষমতা

- ▶ ক্ষমতার একক, মাত্রা, সূত্র, অংক, সংখ্যাগত মান।
- ▶ কাজের একক, মাত্রা, সূত্র, উদাহরণ, ধনাত্মক ও ঋণাত্মক কাজ শূন্য কাজ।
- ▶ সংরক্ষণশীল বলের বৈশিষ্ট্য ও উদাহরণ।
- ▶ ইলেকট্রন ভোল্ট কিসের একক?
- ▶ 1 kwh = ? Joule
- ▶ শক্তির রূপান্তর টপিক দেখে নিবেন। এখান থেকে কিছু একটা হলেও হতে পারে।

□ মহাকর্ষ ও অভিকর্ষ

- ▶ নিউটনের মহাকর্ষ সূত্র (একক, মাত্রা, সংখ্যাগত মান, অংক, মহাকর্ষ বলের নির্ভরশীলতা)।
- ▶ G ও g সম্পর্কিত তথ্য (পার্থক্য, সংখ্যাগত মান, ব্যবহার, সূত্র, একক, মাত্রা)।
- ▶ কেপলারের সূত্র।
- ▶ মুক্তি বেগ (সংখ্যাগত মান, সূত্র, নির্ভরশীলতা)।
- ▶ গাণিতিক- ভূপৃষ্ঠে এক ব্যক্তির ওজন 50 কেজি। কত উচ্চতায় গেলে তার ওজন অর্ধেক হবে। (2650 কি.মি),
- ▶ ভূপৃষ্ঠে কোনো লোকের ওজন 648 নিউটন হলে তিনি চাঁদে গেলে কতটুকু ওজন হারাবেন? 520 নিউটন।

□ পদার্থের গাঠনিক ধর্ম

- ▶ স্পর্শকোণ সম্পর্কে এ টু জেড জানবেন।
- ▶ তরলের পৃষ্ঠটানের উপর প্রভাব বিস্তারকারী বিষয়, পৃষ্ঠটান সম্পর্কিত ঘটনা।
- ▶ পয়সনের অনুপাত। পীড়ন, বিকৃতি, স্থিতিস্থাপক গুণাংকের একক, মাত্রা।
- ▶ সান্দ্রতাংকের উপর তাপমাত্রা ও চাপের প্রভাব।
- ▶ আসঞ্জন বল, সংশক্তি বল, দৃঢ়তার গুণাংকের সূত্র, আয়তন গুণাঙ্ক, দৃঢ়তার গুণাঙ্ক ও ইয়াং এর গুণাংকের মানের বন্ধ আমির ইসহাক থেকে পড়বেন।

□ পর্যাবৃত্ত গতি

- ▶ সেকেন্ড দোলকের এ টু জেড জানবেন।
- ▶ সরল ছন্দিত গতির বৈশিষ্ট্য, কৌণিক বিস্তার 4 ডিগ্রির মধ্যে রাখতে হবে। $T = 2\pi\sqrt{\frac{L}{g}}$ এই সূত্রের অংক দেখবেন।
- ▶ দোলক ঘড়ি কখন দ্রুত চলে, আর কখন আস্তে চলে জানতে হবে।
- ▶ আমির ইসহাক স্যারের বই থেকে এই চ্যাপটারের শেষে সব সূত্র একসাথে দেয়া আছে সেটা দেখে নিবেন। (পর্যাবৃত্ত গতি)।

□ তরঙ্গ

- ▶ শব্দের তীব্রতা ও তীব্রতা লেভেল টপিক এ টু জেড জানতেই হবে।
- ▶ তরঙ্গের বৈশিষ্ট্য জানবেন। হারমোনিকস এর টপিকটা দেখবেন, একটা বক্স আছে ভালোভাবে পড়বেন। সংগীতে বহুল প্রচলিত শব্দসমূহ এই টপিক পড়বেন।
- ▶ অনুপ্রস্থ বা আড় তরঙ্গ, অনুদৈর্ঘ্য বা লম্বিক তরঙ্গের উদাহরণ ও বৈশিষ্ট্য জানবেন।
- ▶ কম্পাংক, তরঙ্গ সংখ্যা, দোলনকাল এর সূত্র, সংজ্ঞা জানবেন। তীক্ষ্ণতা, জাতির সংজ্ঞা জানবেন। মুক্তকম্পন, পরবশ কম্পন, অনুনাদ এর সংজ্ঞা ও উদাহরণ।

□ আদর্শ গ্যাস ও গ্যাসের গতিতত্ত্ব

- ▶ পরম শূন্য তাপমাত্রা নিয়ে এ টু জেড জানবেন। বয়েল, চার্লস, চাপীয় সূত্রের থিওরি, অংক, সূত্রটা জানবেন।
- ▶ সম্পৃক্ত বাষ্প চাপের বৈশিষ্ট্য, সংজ্ঞা। গ্যাসের গতিতত্ত্বের থিওরি জানবেন।
- ▶ কার স্বাধীনতার মাত্রা কত? শিশিরাত্মকের সংজ্ঞা, আর্দ্রতামিতি সম্পর্কিত কয়েকটি বাস্তব ঘটনা (শুধু হেডিং মেইন বই থেকে), থার্মোমিটার দুটির পাঠের পার্থক্য (মেইন বই থেকে) জানবেন।

দ্বিতীয় পত্র

□ তাপগতিবিদ্যা

- ▶ তাপমাত্রা পরিবর্তনের বিভিন্ন স্কেলের মধ্যে সম্পর্ক ($C/5 = F-32/9 = K-273/5$) এই সূত্রের অংক দেখবেন। প্রত্যাবর্তী প্রক্রিয়ার বৈশিষ্ট্য, উদাহরণ জানবেন। কার্নো ইঞ্জিনের গ্রাফটি দেখবেন ভালোভাবে। ইঞ্জিনের দক্ষতার সূত্র জানবেন। সূত্রের অংক করবেন।
- ▶ সমোষ্ণ ও রুদ্ধতাপীয় প্রক্রিয়ার এ টু জেড জানবেন (বৈশিষ্ট্য, সূত্র)।
- ▶ তাপগতিবিদ্যার 1ম সূত্রের এ টু জেড সব জানবেন।
- ▶ তাপীয় সমতা কী? পানির ত্রৈধবিন্দু কি? তাপমাত্রার পরম স্কেল, মোলার আপেক্ষিক তাপের একক, এক পরমাণু দ্বি-পরমাণু ও বহু পরমাণুর ক্ষেত্রে গামার মান ও উদাহরণ, মেয়ারের প্রকল্প, রেফ্রিজারেটরের কার্যকৃত সহগ, এন্ট্রপির সূত্র ও একক।

□ স্থিরতড়িৎ

- ▶ কুলম্বের সূত্রের এ টু জেড জানবেন।
- ▶ চার্জের কোয়ান্টায়ন, চার্জের সংরক্ষণশীলতা, তড়িৎ বলরেখার বৈশিষ্ট্য, তড়িৎ ফ্লাক্স কখন সর্বোচ্চ, কখন সর্বনিম্ন? তড়িৎ প্রাবাল্যের ও তড়িৎ ক্ষেত্রের একক, তড়িৎ বিভবের একক, গোলকের ভেতরে প্রাবল্য ও বিভব কত? ইলেক্ট্রন ভোল্ট, পৃথিবীর বিভব, তড়িৎ দিমেরণর সংজ্ঞা, উদাহরণ ও সূত্র, পরাবৈদ্যুতিক ধ্রুবকের বক্স।
- ▶ ধারকত্ব সূত্র ও একক। পরিবাহীর ধারকত্ব যে বিষয়ের উপর নির্ভর করে। শ্রেণী ও সমান্তরাল সমবায়ে ধারকত্বের অংক দেখবেন আমির ইসহাক থেকে, ধারকের প্রকারভেদ (শুধু নাম আর ব্যবহার জানবেন), এক নজরে ধারকের ব্যবহার জানবেন।

□ চলতড়িৎ

- ▶ রোধের তাপমাত্রা গুণাংকের সূত্র জানবেন আর বিগত বছরে এই সূত্রের অংক আসছে একটা এটা দেখবা। 4.2 কেলভিন তাপমাত্রার নিচে পারদ অতিপরিবাহীতা প্রদর্শন করে। রোধের উষ্ণতা সহগ কাদের জন্য নেগেটিভ? উদাহরণ সহ জানবেন।
- ▶ জুলের তাপীয় ক্রিয়ার সূত্র এ টু জেড জানবেন। রোধের সূত্র জানবেন। রোধ ও আপেক্ষিক রোধের নির্ভরশীলতা, ওহমের সূত্রের অংক, কিলো ওয়াট ঘন্টা, ফিউজের সংজ্ঞা, হুইটস্টোন ব্রীজের গঠন ও অংক, সাম্যবস্থায় $ig = 0$ ।
- ▶ গ্যালভানোমিটারের শান্টের ব্যবহার ($I_g = 0$ কখন হবে, কখন শান্টের মধ্যে দিয়ে তড়িৎ যাবে না এই ধরনের প্রশ্ন আসবে, এসব বইয়ের এমসিকিউ তে দেয়া আছে)। পোটেনশিওমিটার, মিটার ব্রীজ, পোস্ট অফিস বক্স এর ব্যবহার। চলতড়িৎ এ সকল একক দেখে নিও। (বিগত বছরের কয়েকবার প্রশ্ন আসছে)।
- ▶ গাণিতিক সমস্যা:-
- ▶ $V = IR$, $P = V^2/R$ সূত্রের অংক দেখবেন।
- ▶ 6 ohm রোধের একটি তারকে আয়তন অপরিবর্তিত রেখে টেনে x গুণ লম্বা হলে অপরটির বর্তমান রোধ কত? 54 ohm।
- ▶ একই উপাদানের দুটি রোধ সমান। রোধক দুটির দৈর্ঘ্যের অনুপাত 4:9 হলে রোধক দুটির ব্যাসের অনুপাত কত? 2:3
- ▶ একটি গ্যালভানোমিটারের রোধ 100 ohm। এর সাথে কত মানের শান্ট যুক্ত করলে মূল তড়িৎ প্রবাহমাত্রার 99% শান্টের মধ্যে দিয়ে প্রবাহিত হবে? 1.01 ohm।
- ▶ 100 ohm রোধের একটি গ্যালভানোমিটার সর্বোচ্চ 10 মিলি অ্যাম্পিয়ার তড়িৎ নিরাপদে গ্রহণ করতে পারে। কী ব্যবস্থা গ্রহণ করলে এর দ্বারা 10 অ্যাম্পিয়ার প্রবাহ মাপা যাবে? 0.1 ohm।

❑ তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া ও চুম্বকত্ব

- ▶ বিভিন্ন স্থানের বিচ্যুতি ও বিণতি কোণ, বিভিন্ন পদার্থের কুরী বিন্দু, প্যারাচৌম্বক পদার্থের উদাহরণ ও বৈশিষ্ট্য, লরেঞ্জ বল, সম্মুখী সমান্তরাল প্রবাহ পরস্পরকে আকর্ষণ করে ও বিপরীতমুখী প্রবাহ পরস্পরকে বিকর্ষণ করে, পৃথিবীর চুম্বকত্ব এই টপিক এ টু জেড জানবেন, ভূ-চুম্বকত্বের উপাদান।
- ▶ ফেরোচুম্বক পদার্থের বৈশিষ্ট্য ও উদাহরণ, ফেরিচুম্বক পদার্থের উদাহরণ, এন্টিফেরোচৌম্বক পদার্থের উদাহরণ।
- ▶ তড়িৎ চৌম্বকের বৈশিষ্ট্য, স্থায়ী চুম্বক তৈরীতে কী কী বৈশিষ্ট্য দেখা হয়? বিভিন্ন প্রকার স্থায়ী চুম্বকের বস্তু আছে এটা ভালোভাবে দেখবেন।

❑ তড়িৎ চৌম্বকীয় আবেশ ও পরিবর্তী প্রবাহ

- ▶ আবিষ্কৃত তড়িৎ প্রবাহমাত্রা কার কার উপর নির্ভর করে? আবেশক্রিয়ার উপর ভিত্তি করে কোন কোন যন্ত্র কাজ করে? ট্রান্সফরমারের সূত্রটা দেখবেন আর রিলেটেড অংক। স্টেপ আপ ও ডাউন ট্রান্সফরমার সম্পর্ক জানবেন।
- ▶ ফ্যারাডের তড়িৎ চুম্বকীয় আবেশের ২য় সূত্র। মুখ্য ও গৌণ কুণ্ডলির সংজ্ঞা, পারস্পারিক আবেশের সংজ্ঞা, সূত্র একক।
- ▶ গড়মান, বর্গমূলীয় গড়মান, শীর্ষমানের সূত্র জানবেন আর কিছু না।

❑ জ্যামিতিক আলোকবিজ্ঞান

- ▶ উত্তল লেন্সের প্রকারভেদ। বিভিন্ন প্রকার উত্তল ও অবতল লেন্সে আলোক কেন্দ্রের অবস্থান। উত্তল লেন্সের বিভিন্ন অবস্থায় প্রতিবিম্বের অবস্থান ও প্রকৃতি। উত্তল অবতল লেন্সের ব্যবহার। বিভিন্ন রোগে বিভিন্ন লেন্সের ব্যবহার। বাস্তব বিম্বের বৈশিষ্ট্য।
- ▶ প্রতিফলক দূরবিক্ষেপ যন্ত্রের বৈশিষ্ট্য। সরল অণুবীক্ষণ যন্ত্রের বৈশিষ্ট্য।
- ▶ বেগুণী ও লাল আলোর বৈশিষ্ট্য (এসপেক্ট মেডি ফিজিক্স এ এই টপিকের নাম লাল ও বেগুণির আদালত)। লেন্সের ক্ষমতা ও ফোকাস দূরত্বের সূত্র ও রিলেটেড অংক।
- ▶ প্রতিসরাংক থিওরি ও অংক, পরম প্রতিসরাংক, উল্লম্ব, বিবর্ধন, প্রিজমের ক্ষেত্রে ন্যূনতম বিচ্যুতির শর্ত, প্রাথমিক বর্ণ, মধ্য রশ্মি, মূল বর্ণ, রেলের বিক্ষেপণ সূত্র।

❑ ভৌত আলোকবিজ্ঞান

- ▶ আলোর প্রকৃতি সম্পর্কে বিভিন্ন তত্ত্ব, তড়িৎ চুম্বকীয় তরঙ্গের বৈশিষ্ট্য, LASER ও MASER এর পূর্ণরূপ ও পানি ও হীরকের প্রতিসরাংক কত? ব্যতিচারের শর্তাবলী, দশা ও পথ পার্থক্যের সূত্র, সমবর্তনের সংজ্ঞা ও ব্যবহার, সমবর্তন কোণ, ব্রুস্টারের সূত্র, অসমবর্তিত আলোক কী?

❑ আধুনিক পদার্থবিজ্ঞানের সূচনা

- ▶ এক্স রশ্মির সংজ্ঞা, প্রকারভেদ, ধর্ম। গামা রশ্মির ধর্ম ও ব্যবহার, ক্যাথোড রশ্মির সংজ্ঞা, ধর্ম। ফোটনের টপিক মেইন বই থেকে পড়বা। ফটো তড়িৎ ক্রিয়ার সংজ্ঞা ও উদাহরণ।
- ▶ আলোক তড়িৎ কোষের ব্যবহার, আলোর বেগ কত? একটি ধাতব পৃষ্ঠে অতি বেগুণি রশ্মি আপতিত হলে ইলেক্ট্রন বিচ্ছুরিত হয়। ভর শক্তি সমীকরণ ও অংক। কার্য অপেক্ষকের বস্তুটা দেখবেন।

❑ পরমাণুর মডেল এবং নিউক্লিয়ার পদার্থবিজ্ঞান

- ▶ নিউক্লিয় ফিউশন ও ফিশনের এ টু জেড জানবেন।
- ▶ তেজস্ক্রিয়তার সংজ্ঞা, বৈশিষ্ট্য, একক, প্রথম কোন মৌলে দেখা যায়? প্রকারভেদ, জনক পরমাণু ও দুহিতা পরমাণু।
- ▶ আলফা, বিটা, গামা রশ্মির ধর্ম। আলফা, বিটা ও গামা বিঘটনের সূত্র, তেজস্ক্রিয় ক্ষয় সূত্র, অর্ধায়ুর সংজ্ঞা, সূত্র, প্রকাশ বিভিন্ন মৌলের অর্ধায়ু।
- ▶ পারমাণবিক চুল্লী একটু ভালোভাবে পড়বেন। কেন জানি মনে হচ্ছে কিছু একটা হতে পারে।

❑ সেমিকন্ডাক্টর ও ইলেকট্রনিক্স

- ▶ অর্ধপরিবাহী, সুপরিবাহীর উদাহরণ, অর্ধপরিবাহীর বৈশিষ্ট্য, IC সম্পর্কে ডিটেইলস জানবেন।
- ▶ n টাইপ ও p টাইপের উদাহরণ, এদের মেজরিটি ক্যারিয়ার কে? সম্মুখীনবর্তী বায়াসের বৈশিষ্ট্য, গতীয় রোধের অংক দেখবা, একমুখীকরণের সংজ্ঞা ও ব্যবহার।
- ▶ ট্রানজিস্টরের অংশ কয়টি, আবিষ্কারক কে, কোন অংশকে সবচেয়ে বেশি ডোপিং করা হয়, সুবিধা কী, সূত্র ও সূত্রের অংক দেখবেন। প্রবাহ লাভ ও প্রবাহ বিবর্ধন গুণকের সূত্র ও অংক দেখবেন।
- ▶ কোন সংখ্যা পদ্ধতির বেস কত? মৌলিক গেইট কয়টি? এদের সূত্র ও ইনপুট আউটপুট দেখে নিও। NAND গেইটের ব্যবহার দেখে নিও।

❑ জ্যোতির্বিজ্ঞান

- ▶ A brief history of time কার লেখা? আরো কয়েকটা বইয়ের নাম আছে এই চ্যাপ্টারে সেটাও দেখে নিবেন। হাবল বিধি (সংজ্ঞা, সূত্র), ফার্মিয়ন, কোয়ার্ক, হ্যাড্রন কণা, লেপ্টন কণা, হিগস বোসন, লাল দানব তারা থেকে কৃষ্ণগহ্বর হওয়ার ধাপ পড়বেন, অপটিক্যাল টেলিস্কোপ কয় ধরনের ও কি কি? আলোকবর্ষ সম্পর্কে জানবেন। সূর্য প্রতি সেকেন্ডে কতটুকু শক্তি বিকিরণ করে।

👉 সবচেয়ে গুরুত্বপূর্ণ কথা:

ফিজিক্সের এই টপিকগুলো **Medical & Dental** ভর্তি পরীক্ষার শেষ এক সপ্তাহে কমপক্ষে ২ বার রিভিশন দিবেন। আমির ও ইসহাক স্যারের বইয়ের এম.সি.কিউ ভালোভাবে বুঝে সলভ করে নিবেন। ইনশাআল্লাহ ফিজিক্স-এ **20** এ **18-20** পাওয়া কঠিন কিছু হবে না।